

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৮৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে সুতরাহ্ (সুতরা)

আরবী

وَعَنِ الْمِقْدَادِ بْنِ الْأَسْوَدِ قَالَ: مَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي إِلَى عُودٍ وَلَا عَمُودٍ وَلَا شَجَرَةٍ إِلَّا جَعَلَهُ عَلَى حَاجِبِهِ الْأَيْمَنِ أَوِ الْأَيْسَرِ وَلَا يصمد لَهُ صمدا. رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

৭৮৩-[১২] মিরুদাদ ইবনু আসওয়াদ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কখনও কোন কাঠ, স্তম্ভ অথবা কোন গাছকে (সোজাসুজি) সামনে রেখে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে দেখিনি। যখনই দেখেছি তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এগুলোকে নিজের ডান দ্র অথবা বাম দ্রের সোজাসুজি রেখেছেন। নাক বরাবর সোজা রাখেননি। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ৬৯৩। কারণ এর সানাদে একজন দুর্বল ও একজন অপরিচিত রাবী রয়েছে। অধিকন্ত এর সানাদ ও মাতান মুযত্বরিব বা বিশৃঙ্খলাপূর্ণ।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মহানাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সম্মুখে সুতরাহ্ (সুতরা) রেখে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন তখন তা একেবারে সোজাসুজি নাক বরাবর রাখতেন না। এ হাদীসে প্রমাণ রয়েছে যে, ডানে বা বামে সুতরাহ্ (সুতরা) স্থাপন করা মুস্তাহাব। ইবনু হাজার আসকালানী বলেনঃ নাসায়ীর এক রিওয়ায়াত রয়েছে যে, "তোমাদের কেউ যখন দেয়াল, পিলার অথবা অন্য কোন কিছুকে অন্তরায় করে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে তখন সে যেন তা সামনে না রেখে বরং বামদিকে রাখে।"

বাম পাশে সুতরাহ্ (সুতরা) স্থাপন করা ডান পাশে স্থাপন করার চেয়ে উত্তম এবং বাম দিকে ফিরিয়ে দেবে যাতে ঐ শায়ত্বনের (শয়তানের) অন্তরায় হয়ে যায় যে শায়ত্বন (শয়তান) বামে অবস্থিত থাকে। মূর্তি পূজার সাথে সাদৃশ্য



হতে বাঁচার জন্যে তিনি (সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম) এরূপ করতেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন